গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.১০১.০৬.০৪৩.১৭-৩৭

তারিখ: ১১ চৈত্র ১৪২৬ / ২৫ মার্চ ২০২০

বিষয়: জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল (NDMC)-এর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পত্র নম্বর: ৫১.০০.০০০০.৩২২.৩৮.০০৫.১৮-৮৬, তারিখ: ২৩ মার্চ ২০২০।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের ছায়ালিপি এ সঙ্গে প্রেরণ করা হলো। পত্রের সংলগ্নীতে বর্ণিত ১৩ নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে (প্রযোজ্য ক্ষেত্রে) এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৫/০৩/২০২০

মোঃ ফরহাদ হোসেন
সহকারী সচিব
ফোন: ৯১৩৯৮৯৭

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, বাজেট পরিদপ্তর, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (সেনা), ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩। পরিচালক, বাজেট পরিদপ্তর, নৌ-সদর, বনানী, ঢাকা।
৪। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ), লালাসরাই নাবিক কলোনী, মিরপুর-১৪, ঢাকা।
৫। পরিচালক, অর্থ পরিদপ্তর, বিমান সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (বিমান), ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮। মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা।
৯। পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১০। মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১১। মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১২। কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৩। কমান্ড্যান্ট, এমআইএসটি, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১৪। প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৫। মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৬। পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৭। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (আইবি), ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৮। কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড ও ষ্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১৯। কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
২০। কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
২১। মহাপরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা।
২২। অধিনায়ক, এমওডিসি সদর দপ্তর, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর।
২৩। সিজিডিএফ, সিজিডিএফ-এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
২৪। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২৫। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৬। চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা।
২৭। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় ক্যাডেট কোর, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২৮। সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এজি'র শাখা (সমন্বয়), সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৯। পরিচালক, গুপ্ত সংকেত পরিদপ্তর, গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা।
৩০। উপসচিব (অধিশাখা-৩), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি:

১। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

সচিবের দপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুব্যক-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নম্বর-৫১.০০.০০০০.৩২২.৩৮.০০৫.১৮-৮৬

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল (NDMC)'-এর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**

মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ১৮ এপ্রিল ২০১৯ তারিখে 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল (NDMC)' এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৯টি সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী সভায় উপস্থাপনের নিমিত্ত কাউন্সিলের গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জানা অত্যাবশ্যক।

২. এমতাবস্থায়, NDMC-এর সভায় গৃহীত ১৩ নং সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের হার্ড ও সফ্‌ট কপি বিশেষ বাহক মারফত এবং ই-মেইলে (korban.ali@modmr.gov.bd) আগামী ০২ (দুই) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ কার্যবিবরণীর সংশ্লিষ্ট অংশ- ৩ (তিন) পৃষ্ঠা।

(মোঃ কোরবান আলী)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৩৪

বিতরণঃ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আব্দুল গনি রোড, ঢাকা।
৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫। মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৬। সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
৮। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

১৩। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। মহাপরিচালক, র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), সদর দপ্তর, ঢাকা।
১৭। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, সদর দপ্তর, পিলখানা, ঢাকা।
১৮। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৯। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা।
২০। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, সদর দপ্তর, ঢাকা।
২১। মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

<u>সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।
৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির অনুরোধসহ)

# 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল' সভার কার্যবিবরণী

**সভাপতি** : **শেখ হাসিনা**
প্রধানমন্ত্রী
ও
সভাপতি, জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল

স্থান : চামেলী হল, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

তারিখ : ১৮ এপ্রিল ২০১৯
সময় : সকাল ১১:০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা **পরিশিষ্ট-'ক'** তে দেওয়া হয়েছে।

জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের সভাপতি ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলমকে আহ্বান জানান। মন্ত্রিপরিষদ সচিব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল' সভার আলোচ্যসূচি সংক্ষেপে তুলে ধরেন। তিনি গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা, সাম্প্রতিক সময়ে সংঘটিত অগ্নিকান্ডে গৃহীত কার্যক্রম অবহিতকরণ, সংশোধিত দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি (SOD) ২০১৯ চূড়ান্তকরণ, দুর্যোগ ঝুঁকি হ্রাসে প্রস্তুতিমূলক ও আন্তর্জাতিক পর্যায়ে কার্যক্রম এবং জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলে সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব পর্যালোচনান্তে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে আলোকপাত করেন। অতঃপর তিনি মাননীয় প্রধানমন্ত্রীকে সূচনা বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান। মাননীয় প্রধানমন্ত্রী সূচনা বক্তব্যে বলেন যে দেশের দুর্যোগ ব্যবস্থাপনা এখন একটি শক্তিশালী ভিত্তির ওপর দাঁড়িয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচিসহ নানাবিধ কর্মকান্ডের মাধ্যমে এর গোড়াপত্তন করেন। মুজিব কিল্লা নির্মাণসহ দুর্যোগঝুঁকি হ্রাসে উল্লেখযোগ্য কার্যক্রম গ্রহণ করেছিলেন, যেগুলো আমাদের অনুপ্রেরণা যোগাচ্ছে। ভৌগোলিক অবস্থানের কারণে আমরা ঘন ঘন প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়ি, এর সঙ্গে আমাদের মানিয়ে নিতে হবে। আবার সমাজ ও সভ্যতা বিকাশের নানামুখী দ্বন্দ্বের কারণে এবং প্রযুক্তিগত বিভ্রাট ও মনুষ্যসৃষ্ট কারণেও আমাদেরকে নতুন নতুন দুর্যোগের মোকাবিলা করতে হচ্ছে। প্রযুক্তি আমাদের আরাম দেয় কিন্তু ঝুঁকি বাড়ায়। সাম্প্রতিক অগ্নি দুর্ঘটনাগুলোতে দেখা যায় যে যারা ভবন ব্যবহার করছেন তারাও যথেষ্ট সচেতন ছিলেন না। এফআর টাওয়ারে দেখা যায় অনুমোদিত পরিকল্পনায় চুলার সংস্থান/ অনুমোদন ছিল না, কিন্তু চুলা বসানো হয়েছে। আমাদের গ্যাস সিলিন্ডার ব্যবহারে সচেতনতা বৃদ্ধি করতে হবে। আবার দেখা যায় যে জরুরি নির্গমন পথগুলো মালামাল রাখার কারণে হয় বন্ধ ছিল অথবা ভবন ব্যবহারকারীগণ এর অবস্থান সম্পর্কে সম্যকভাবে অবহিত ছিলেন না। ফলে দুর্ঘটনা যাতে না ঘটে সেজন্য কী কী ব্যবস্থা নেওয়া যায় সেটা আমাদের খুঁজে বের করতে হবে। একই সাথে আমাদের সচেতনতা বৃদ্ধি করতে হবে। আগুন লাগলে কী করতে হবে তার নিজস্ব প্রস্তুতি থাকতে হবে। আমরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-কে বিভিন্ন যন্ত্রপাতি কিনে দিয়েছি, দিচ্ছি এবং ভবিষ্যতে আরও ক্রয় করা হবে। স্কুলসহ শিক্ষা প্রতিষ্ঠানে অগ্নিকান্ডের সময় করণীয় সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং বিভিন্ন দুর্যোগে করণীয় সম্পর্কে প্রচারণা চালাতে হবে যাতে সচেতনতা বৃদ্ধি পায়।

অতঃপর মন্ত্রিপরিষদ সচিব আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়াদি উপস্থাপনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ শাহ্ কামালকে অনুরোধ জানান। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় আলোচ্যসূচি অনুযায়ী সভার বিবেচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

বিবিধ ৫ (খ): দুর্যোগঝুঁকি হ্রাস ও সাড়াদানে প্রস্তুতিমূলক কার্যক্রম

উপর্যুক্ত বিষয়গুলো ছাড়াও ১৩-১৭ মে ২০১৯ অনুষ্ঠেয় GPDRR এর সেশনে অংশগ্রহণ, শিল্প/বাণিজ্যিক/আর্থিক প্রতিষ্ঠানের করণীয়, অবকাঠামো নির্মাণ পরিকল্পনা, শিক্ষা প্রতিষ্ঠানে স্বেচ্ছাসেবক কার্যক্রম ও দুর্যোগ বিষয়ক প্রশিক্ষণ, দুর্যোগ প্রস্তুতি ও সাড়াদানে প্রয়োজনীয় বাজেট, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বার্ষিক পরিকল্পনায় দুর্যোগঝুঁকি হ্রাস, রাসায়নিক দুর্যোগঝুঁকি ব্যবস্থাপনা, আপদকালীন পরিকল্পনা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|
| ১১. সেন্দাই ফ্রেমওয়ার্ক এর Target -E অনুসারে স্থানীয় ও জাতীয় পর্যায়ে দুর্যোগঝুঁকি হ্রাস কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি উল্লেখপূর্বক Country Position paper প্রণয়ন ও GPDRR 2019 এ উপস্থাপন করা হবে। স্থানীয় ও জাতীয় পর্যায়ে দুর্যোগঝুঁকি হ্রাস কৌশল প্রণয়ন ও বাস্তবায়নে কার্যক্রম গ্রহণ করতে হবে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ ও সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় |
| ১২. প্রতিটি সরকারি-বেসরকারি শিল্প, বাণিজ্যিক ও আর্থিক প্রতিষ্ঠানকে নিজস্ব দুর্যোগ সাড়াদান টিম গঠন, প্রয়োজনীয় উদ্ধার সরঞ্জামাদি সংগ্রহে রাখা এবং আপদকালীন পরিকল্পনা (Contingency Plan) প্রণয়নে নির্দেশনা প্রদান। | শিল্প মন্ত্রণালয়/ বানিজ্য মন্ত্রণালয়/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ১৩. প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে ও তাদের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/পরিদপ্তর ও সংস্থাসমূহে দুর্যোগ ঝুকি হ্রাস ও সাড়াদানে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখতে হবে, এক্ষেত্রে অর্থ বিভাগ দুর্যোগ ঝুকি হ্রাস সংক্রান্ত বাজেট কোড সৃষ্টি করে অর্থ সংস্থানের ব্যবস্থা করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ। |
| ১৪. সকল অবকাঠামো নির্মাণ পরিকল্পনায় অগ্নিনির্বাপণ ও দুর্যোগঝুঁকি হ্রাস কার্যক্রম অন্তর্ভুক্তিকরণ ও এর বাস্তবায়ন। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ |
| ১৫. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদেরকে সুবিধাজনক সময়ে (গ্রীষ্ম, শীতকালীন ছুটি) স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও দুর্যোগ ঝুঁকি হ্রাসের বিষয়ে সচেতনতামূলক ও উদ্ধার কলাকৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং তাদের স্বেচ্ছাসেবক কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করা। | মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ১৬. বন্যা, আকস্মিক বন্যা, খরা, শিলাবৃষ্টিসহ অন্যান্য দুর্যোগ থেকে ফসল রক্ষার্থে কার্যকর প্রযুক্তি উদ্ভাবন, উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণ। | কৃষি মন্ত্রণালয় |
| ১৭. আবাসিক এলাকা হতে রাসায়নিক দ্রব্যের কারখানা, গুদাম নিরাপদ স্থানে স্থানান্তর ও যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ। | শিল্প মন্ত্রণালয়/ বানিজ্য মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ |
| ১৮. স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত বার্ষিক পরিকল্পনায় দুর্যোগঝুঁকি হ্রাস এবং সাড়াদান কার্যক্রম অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ ও বাজেটে বরাদ্দ নিশ্চিতকরণ; | স্থানীয় সরকার বিভাগ |

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|
| ১৯. দুর্যোগঝুঁকি হ্রাস এবং সাড়াদান কার্যক্রমের নিমিত্ত প্রতিটি হাসপাতালের জন্য প্রস্তুতিমূলক ও আপদকালীন পরিকল্পনা (Contingency Plan) প্রণয়ন। | স্বাস্থ্য সেবা বিভাগ |

মন্ত্রিপরিষদ সচিব দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ডা: মো: এনামুর রহমান এমপি-কে সমাপনী বক্তব্য প্রদানের অনুরোধ জানান। মাননীয় প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে সাম্প্রতিক অগ্নিকাণ্ডসহ বিভিন্ন দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধির বিষয়ে এবং সার্বিক দুর্যোগ সহনশীলতা বৃদ্ধিতে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করায় মাননীয় প্রধানমন্ত্রী এবং কাউন্সিলের সম্মানীত সদস্যগণকে ধন্যবাদ জানান এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন, ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে উন্নীত হওয়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে দুর্যোগঝুঁকি অবহিতকরণ উন্নয়ন কার্যক্রম চালিয়ে যাওয়া হচ্ছে। তিনি দুর্যোগ সহনশীল জাতি হিসেবে বাংলাদেশের অগ্রযাত্রা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০৫/১৯

**মোহাম্মদ শফিউল আলম**
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ও
সদস্য সচিব
জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল

১৪/৫/১৯

**শেখ হাসিনা**
**প্রধানমন্ত্রী**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ও
সভাপতি
জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল